

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।  
[ptc@fireservice.gov.bd](mailto:ptc@fireservice.gov.bd)

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকায় অনুষ্ঠিত “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা” ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জানুয়ারি /২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-


সভাপতি	:	মোঃ ছালেহ উদ্দিন, বিএফএম, বিএফএম (এস) অধ্যক্ষ ও টিম প্রধান, কর্মসম্পাদন ব্যবস্থাপনা কমিটি।
সভার তারিখ	:	১৭/০১/২০২৩ খ্রিঃ
সময়	:	১০.০০ ঘটিকা
স্থান	:	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকার সম্মেলন কক্ষ।


ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকায় অনুষ্ঠিত “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২২-২০২৩ এর বাস্তবায়নে মাসিক অগ্রগতি সভার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র: নং	বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	ওয়েবসাইট হালনাগাদ করণ	প্রত্যেক দপ্তরের সংশ্লিষ্ট ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাবলি নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড নিশ্চিত করবে।	আরিফুল ইসলাম
২.	কমিটি গঠন	APA এর নতুন কমিটি গঠন, সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের কমিটি গঠন এবং ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে।	পিও কাম এ্যাডজুটেন্ট
৩.	APA & NIS এর বিভিন্ন সভা আয়োজন ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সভা, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজনসহ অন্যান্য সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম আলোচনাপূর্বক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপাধ্যক্ষ
৪.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের চাকরি ও সুশাসন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	পিও কাম এ্যাডজুটেন্ট
৬.	ই-নথির ব্যবহার নিশ্চিতকরণ	অফিস কার্যক্রমকে আরও বেগবান করার লক্ষ্যে সকল প্রকার চিঠিপত্র আদান প্রদানে ই-নথির ব্যবহার নিশ্চিত করতে হবে।	মোঃ কামরুল ইসলাম, প্রশিক্ষক মোঃ জহিরুল ইসলাম বাদল, সুপারিনটেনডেন্ট
৭.	অফিসে নিয়মিত উপস্থিতি	অফিসে সময়মত উপস্থিত ও অফিস ত্যাগের শিষ্টাচার বজায় রেখে অফিসে উপস্থিত প্রাক্কালে কর্মকর্তা/কর্মচারীদের শ্রেণীমতে সালাম/শুভেচ্ছা বিনিময়ে শিষ্টাচার পালনে সকলকে আন্তরিক হতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী

৮.	বিদ্যুৎ এবং পানির সঠিক ব্যবহার	ট্রেনিং কমপ্লেক্সের সকল ভবনের বিদ্যুৎ এর সঠিক ব্যবহার এবং পানি অপচয় রোধ করতে সকলকে সচেতন থাকার বিষয়ে পরামর্শ দেওয়া হয়।	সকল কর্মকর্তা/কর্মচারী
----	-----------------------------------	--	------------------------

প্রত্যেক মাসের ৭ তারিখের মধ্যে “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার  
মাসিক অগ্রগতি সভা” অনুষ্ঠিত হবে। সভায় অন্য কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অধীনস্থ সকলের  
অবগতি ও বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

  
মোঃ ছালেহ উদ্দিন, বিএফএম, বিএফএম (এস)  
অধ্যক্ষ





তারিখ: ১৯/০১/২০২৩ খ্রি:

স্মারক নং ৫৮.০৩.০০০০.০০২.১০৫.২২. ২০৬

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহা পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ২। পরিচালক (প্রশাঃ ও অর্থ/পঃ উঃ প্রঃ/অপাঃ ও মেইন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ঢাকার সদয়  
জ্ঞাতার্থে।
- ৩। উপাধ্যক্ষ ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কর্মপরিকল্পনা কমিটি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স,  
মিরপুর, ঢাকা।
- ৪। পিও কাম এ্যাডজুটেন্ট, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৫। জনাব \_\_\_\_\_, প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক/জুনিয়র প্রশিক্ষক, ফায়ার সার্ভিস ও  
সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৬। জনাব \_\_\_\_\_ সুপার/উচ্চমান সহকারী কাম ক্যাশিয়ার/অফিস সহকারী কাম  
কম্পিউটার মুদ্রাক্ষরিক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৭। জনাব \_\_\_\_\_, ফায়ার সার্ভিস ও  
সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।

  
মোঃ ছালেহ উদ্দিন, বিএফএম, বিএফএম (এস)  
অধ্যক্ষ  
ফোন নং-৪৮০৩১৬১৬

  
১৯/০১/২০২৩

০/৮